তারিখ 16 OCT 1993
পৃষ্ঠা... ৫ ... কলাম ... ৭...

দৈনিক ইনকিলাব

১০৬

## সরকারী মাধ্যমিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ

দৈনিক পত্রিকাসমূহে প্রকাশিত শিক্ষা অধিদফতরের বিজ্ঞপ্তি নং- ১০৯০২/সম তারিখঃ ৮-৯-৯৩। দরখাস্তের শেষ তারিখ ৩০-১০-৯৩ ধার্য করা হয়েছে। ১৯৯২-৯৩ সেশনের শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় হতে দেশের বহু ছেলে-মেয়ে এপ্রিল/৯৩ মাসে বি-এড চূড়ান্ত পরীক্ষা দিয়েছে। যার ফল অদ্যাবধি প্রকাশ করা হয়নি। সে মতে মাননীয়া প্রধানমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী এবং মহা-পরিচালকের আশু কৃপাদৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। যাতে দরখাস্ত দাখিলের সময় বর্ধিত করে দেশের বহু ছাত্র-ছাত্রীর দরখাস্ত দাখিল করবার সুযোগ প্রদান করা হয়।

—মোঃ আবদুস ছাত্তার চৌধুরী,
উপজেলা পোস্ট-মাস্টার (অবঃ),
পোঃ ও জেলা- জামালপুর।

॥ ২ ॥

বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর কর্তৃক সরকারী উচ্চ বিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তি যোগ্যতাসম্পন্ন সকল প্রার্থীর জন্য— না শুধুমাত্র সকল পরীক্ষায় প্রথম বিভাগ ও শ্রেণীপ্রাপ্তদের জন্য তা স্পষ্ট নয়। যদি সকল পরীক্ষায় ১ম বিভাগ ও শ্রেণীপ্রাপ্তদের জন্য হয়ে থাকে, তাহলে পুনরায় স্পষ্ট করে বিজ্ঞপ্তি দেয়া হোক। বিগত '৯১-৯২ সালের ন্যায় অন্তত দরখাস্ত বাবত কয়েকশ' টাকা খরচ থেকে শিক্ষিত বেকার যুবকদেরকে রক্ষা করা হোক। অন্যথায় '৯১-৯২ সালের মত শুধুমাত্র সার্টিফিকেট বা পয়েন্ট দেখার নামে মাত্র প্রহসনমূলক পরীক্ষা না নিয়ে মেধা যাচাইয়ের উত্তম পন্থাঃ লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রকৃত মেধাবীদের বাছাই করে নিয়োগ দানের ব্যবস্থা করা হোক।

—মুহাম্মদ আনছার হোছাইন,
২৮২ চন্দনপুরা, চট্টগ্রাম।